

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ২০, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বিধি-৫ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ০৬ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ/১৯ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৩৪-আইন/২০২৪।—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৪০ অনুচ্ছেদের দফা (২) এর বিধান অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, বাংলাদেশ সিভিল সার্ভিস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৪ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার তফসিল-১ এর ক্র: নং-(২) এর বিপরীতে পদের নাম কলামে উল্লিখিত দফা (খ) ও পদের নামের পরিবর্তে নিম্নরূপ দফা (খ) ও পদের নাম এবং ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা কলামে উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা:—

“

(খ) কৃষি বিপণন অধিদপ্তর সহকারী পরিচালক/কৃষি বিপণন কর্মকর্তা/ উপজেলা কৃষি বিপণন কর্মকর্তা	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিএসসি কৃষি অর্থনীতি (সম্মান) বা বিএসসি কৃষি ব্যবসা ব্যবস্থাপনা (সম্মান) বা বিএসসি কৃষি বিপণন (সম্মান) বিষয়ে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ।
--	---

”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী  
সিনিয়র সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

( ১৭২৭ )

মূল্য : টাকা ৪.০০